



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/9/2023

গভর্নর ক্যাথি হোকল

## হোয়াইট হাউজ চিফ অফ স্টাফ জেফ জিয়েন্টসের সাথে বৈঠকের ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"রাষ্ট্রপতি বাইডেন, সচিব মায়োর্কাস, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার এবং হাউজের ডেমোক্রেটিক নেতা জেফ্রিসের সাথে আমার চলমান কথোপকথনকে আরো অগ্রসর করতে, হাজার হাজার শরণার্থীর আগমনকে সমর্থন করা অব্যাহত রাখতে নিউ ইয়র্কে আমাদের প্রয়োজনীয় বাড়তি সংস্থানের ব্যাপারে আলোচনা করার জন্য আজকে আমি হোয়াইট হাউজ চিফ অফ স্টাফ জেফ জিয়েন্টসের সাথে দেখা করেছি।

নিউ ইয়র্ক সিটির জন্য আমাদের ফেডারেল অংশীদারদের নিশ্চিত করা 135 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সহায়তার জন্য আমি আমাদের কৃতজ্ঞতা প্রকাশ করেছি এবং আরেকবার মনে করিয়ে দিয়েছি যে আমাদের আরো সমর্থন প্রয়োজন, যেমন আশ্রয়কেন্দ্রের সাইট হিসেবে ফেডারেল ভূমি ব্যবহার করা এবং এই ব্যক্তিদের মানবতার সাথে দেখাশোনা করার জন্য ফেডারেল অর্থায়ন। আরো গুরুত্বপূর্ণ এই যে, শরণার্থীদের আবেদন ত্বরান্বিত করতে ফেডারেল পদক্ষেপের প্রয়োজনীয়তা এবং ব্যক্তির যাতে দ্রুত আমাদের অর্থনীতি ও সমাজে মিলিত হতে পারে তার জন্য তাদেরকে কাজ করার অনুমোদন দেওয়ার ব্যাপারে আমি জোর দিয়েছি।

এই মানবিকতার সঙ্কটের সময় সহায়তা করার ব্যাপারে তাদের প্রয়াসের জন্য আমরা রাষ্ট্রপতি বাইডেন ও তার দলের প্রতি কৃতজ্ঞ এবং বাড়তি সমর্থন ও সহযোগিতার জন্য উন্মুখ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)